ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৫.৫৯.১০৬.২৩ নথির বিষয়: Rising & Repairing Manhole cover and maintenance of Sewer Chamber on the different road area under Dhaka WASA MODS Zone-2

নোট: ১ নোটের বিষয়: **Rising & Repairing Manhole cover and maintenance of Sewer Chamber on the different road area under Dhaka WASA MODS Zone-2**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৩/১১/২৩ ১০:০৯ পূর্বাহ্ণ

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার মডস জোন-২ পুরান ঢাকার বিভিন্ন এলাকার পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কার্যক্রম পরিচালন করে থাকে। পুরান ঢাকার বিভিন্ন রাস্তায় বিদ্যমান সুয়্যার লাইনের ওভার ফ্লো, চেম্বার পরিষ্কার, ম্যানহোল কভার উচুঁকরণ, পরিবর্তন এবং চেম্বার গুলো মেরামত করা হয়। এছাড়া ঢাকা ওয়াসা লিংক এর অভিযোগসহ জনসাধারণের বিভিন্ন অভিযোগের ভিত্তিতে কাজগুলো দ্রুত সম্পাদন করা হয়। এরই ধারাবাহিকতায় সনাতন ধর্মালম্বীদের পবিত্র ও পুরাতন তীর্থস্থান ঢাকেশ্বরী মন্দিরের প্রধান ফটকের সামনে বিদ্যমান দুটি সুয়্যার চেম্বার ওভার ফ্লো হওয়ার কারণে গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় সাবেক সচিব ও ঢাকেশ্বরী মন্দির পরিচালনা পরিষদের সাধারণ সম্পাদক মহোদয় দ্রুত কাজটি করার জন্য মোবাইল ফোনের মাধ্যমে নির্বাহী প্রকৌশলীর নিকট অনুরোধ জানান। পরবর্তীতে সরেজমিনে পরিদর্শন করে দেখা যায় ঢাকেশ্বরী মন্দিরের প্রধান ফটকের সামনে দুটি চেম্বার পরিষ্কারসহ মেরামত করা প্রয়োজন। উল্লেখ্য যে প্রধান ফটকের পূর্ব পাশে আরও দুটি চেম্বার বিদ্যমান। যেহেতু মন্দিরটি দীর্ঘ দিনের পুরাতন হওয়ায় দেশি বিদেশি অনেক পর্যটক পরিদর্শন করে। এছাড়াও নানাবিদ ধর্মীয় অনুষ্ঠান প্রায়শই অনুষ্ঠিত হয়। তাই জরুরি ভিত্তিতে প্রধান ফটকের সামনে দুটি চেম্বারসহ পূর্ব পাশে আরও দুটি চেম্বার মোট চারটি চেম্বার পরিষ্কার ও মেরামত করা যেতে পারে। এছাড়া বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারী আবাসিক কোয়ার্টার দুটি ও ছাত্রদের মহসিন হলের সুয়্যার লাইনের জ্যামের বিষয়ে বুয়েট হতে অভিযোগ করা হয় তার প্রেক্ষিতে সরেজমিনে পরিদর্শন করে দেখা যায় মোট ০৬ (ছয়) টি চেম্বার পরিষ্কার করা জরুরি। এবিষয়ে গত ০৭/১১/২০২৩ ইং তারিখে বুয়েট ক্যাম্পাসে সিটি কর্পোরেশন সহ জরুরি মিটিং করা হয়েছে (সংযুক্তিঃ বিবেচ্য সংযুক্তি: বুয়েট হতে প্রাপ্ত পত্র।.pdf, সদয় দ্রষ্টব্য।)। ঢাকা ওয়াসা লিংক এবং সিটি কর্পোরেশনের অভিযোগের ভিত্তিতে হরনাথ ঘোষ রোড, ২৪ নং হোল্ডিং এর সামনে দুটো, গিন্দা উর্দু রোডে একটা এবং হোল্ডিং নং-২১, খাজা দেওয়ান লেন চকবাজারে একটা সহ মোট ০৪ (চার) টি ম্যানহোল কভার লাগানো জরুরি প্রয়োজন (সংযুক্তঃ বিবেচ্য সংযুক্তি: সিটি কর্পোরেশন হতে প্রাপ্ত পত্র।.pdf, সদয় দ্রষ্টব্য।)।

সংযুক্তিসমূহ (২):

১। বুয়েট হতে প্রাপ্ত পত্র।.pdf
২। সিটি কর্পোরেশন হতে প্রাপ্ত পত্র।.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৩/১১/২৩ ১০:১২ পূর্বাহ্ণ

উক্ত কাজটি সুষ্ঠভাবে সম্পাদনের লক্ষে বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান বরাবর কোটেশন প্রদানের জন্য পত্র দেয়া হয় (সংযুক্তিঃ বিবেচ্য সংযুক্তি: ঠিকাদার কে পত্র প্রদান.pdf, সদয় দ্রষ্টব্য।। বিভিন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান হতে কোটেশন পাওয়া গেছে (সংযুক্তিঃবিবেচ্য সংযুক্তি: প্রাপ্ত কোটেশন, সদয় দ্রষ্টব্য।)। প্রাপ্ত কোটেশনের সর্বনিম্ন দরের উপরে ভিত্তি করে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্তিঃ বিবেচ্য সংযুক্তি: প্রাক্কলন.pdf, সদয় দ্রষ্টব্য।)। প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমান দাঁড়াইয়াছে = ৪৪,৯১০/- (চুয়াল্লিশ হাজার নয়শত দশ টাকা) মাত্র। উক্ত কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৩-২০২৪ইং অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৫৪ হতে নির্বাহ করা হবে (সংযুক্তিঃ বিবেচ্য সংযুক্তি: বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি.pdf, সদয় দ্রষ্টব্য।)।

সংযুক্তিসমূহ (৪):

১। ঠিকাদার কে পত্র প্রদান.pdf
২। প্রাপ্ত কোটেশন.
৩। প্রাক্কলন.pdf
৪। বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি.pdf

CamScanner

=০২=

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৩/১১/২৩ ১০:১৪ পূর্বাহ্ন

এমতাবস্থায়, Rising & Repairing Manhole cover and maintenance of Sewer Chamber on the different road area under Dhaka WASA MODS Zone-2 শীর্ষক কাজের আওতায়, ঢাকেশ্বরী মন্দিরের সমানে, বুয়েটের অফিসার্স কোয়ার্টার এলাকায় জরুরী ভিত্তিতে স্যুয়ার লাইন ও ম্যানহোল মেরামত ,পরিষ্কার এবং হরনাথ ঘোষ রোড, গিদ্দা উর্দু রোড, খাজা দোল সিং লেন চকবাজারে ম্যানহোল কভার উচুঁকরণ ও লাগানো কাজ বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলনে উপস্থাপিত সর্বমোট= ৪৪,৯১০/- (চুয়াল্লিশ হাজার নয়শত দশ টাকা) মাত্র এর প্রাক্কলনটি পিপিআর ২০০৮ এর ৭৬/১(ট) ধারা অনুসারে অভিজ্ঞতা সম্পন্ন ঠিকাদারী প্রতিষ্ঠান ৫২ ইন্টারন্যাশনাল এর মাধ্যমে সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) কাজটি সম্পন্ন করার অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

১৩/১১/২৩ ১০:৫০ পূর্বাহ্ন মোঃ হাফিজুর রহমান উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-২	১৩/১১/২৩ ১১:৩৯ পূর্বাহ্ন মোহাম্মদ ইখতিয়ার মাসউদ সহকারী প্রকৌশলী মডস জোন-২	১৪/১১/২৩ ১:০০ অপরাহ্ন মোহাম্মদ নজরুল ইসলাম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-২	১৫/১১/২৩ ৮:০৯ পূর্বাহ্ন মোঃ আব্দুল মজিদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১

~~১৫/১১/২৩ ৮:০৯ পূর্বাহ্ন~~
~~মোঃ কামরুল হাসান~~
~~প্রধান প্রকৌশলী~~
~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৫/১১/২৩ ৪:০৩ অপরাহ্ন

অনুমোদিত

১৫/১১/২৩ ৪:০৩ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	১৫/১১/২৩ ১০:৩০ অপরাহ্ন মোহাম্মদ নজরুল ইসলাম নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস জোন-২	১৫/১১/২৩ ১০:৩০ অপরাহ্ন মোঃ হাফিজুর রহমান উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-২

CamScanner